মুজিবনগরে বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যারাথন ২০২১ উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ সেনাবাহিনী ১১ পদাতিক ডিভিশন বগুড়া সদর দফতরের উদ্যোগে ও মেহেরপুর জেলা প্রশাসনের সহযোগিতায় মুজিবনগরে বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যারাথন ২০২১ উপলক্ষে আলোচনাা সভা অনুুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে মুজিবনগর উপজেলা পরিষদ হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ সেনাবাহিনী ১১ পদাতিক ডিভিশন বগুড়া সদর দফতরের সিনিয়র ওয়ারেন্ট অফিসার মজিব, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, পুলিশ পরিদর্শক (তদন্ত) শরিফুল ইসলাম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেনসহ উপজেলা পরিষদের কর্মকর্তাবৃন্দ, শিক্ষক, ইনজিও প্রতিনিধি ও সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

উল্যেখ্য, আগামী ২১ ফেব্রুয়ারী প্রযন্ত অনলাইনের মাধ্যেমে ম্যারাথন দৌড়ের জন্য রেজিষ্ট্রেশন চলবে। ১৬ বছরের উর্ধে সকলে রেজিষ্ট্রেশন করতে পারবে।

মুজিবনগরে কোভিড-১৯ টিকা নিলেন উপজেলা নির্বাহী অফিসার

মুজিবনগরে ভ্যাকসিন প্রয়োগ কার্যক্রমের ২য় দিনে কোভিড-১৯ টিকা নিলেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার,ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও

মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুসহ মোট ২৩ জন।

সোমবার বেলা ১২ টার দিকে মুজিবনগর উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে যেয়ে তারা টিকা গ্রহন করেন।

টিকা গ্রহন শেষে উপজেলা নির্বাহী অফিসার বলেন, সরকারের নির্দেশনা মোতাবেক অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করে নির্ধারিত তারিখে টিকা গ্রহণ করলাম। যারা সন্মুখসারির করোনাযোদ্ধা আছেন, তারা অনলাইনে রেজিস্ট্রেশন করুন এবং টিকা নিন।

মুজিবনগর উপজেলায় যথাসময়ে পর্যাপ্ত পরিমাণ টিকার ডোস প্রেরণের জন্য মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি।

মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশের পর পাসপোর্ট অফিসের পুলিশ সদস্য রাকিব কে প্রত্যাহার

মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশের পর পাসপোর্ট অফিসের নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশ সদস্য রাকিব কে প্রত্যাহার করেছে কতৃপক্ষ। মেহেরপুর আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপ-পরিচালক শাহিনুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, সংবাদ প্রকাশের ২ দিন পরেই রাকিব কে প্রত্যাহার করা হয়েছে। তার স্থলে অন্য একজনকে দায়িত্ব দেওয়া হয়েছে। তিনি আরও জানান, যেহেতু প্রকাশিত সংবাদে রাকিব কে অভিযুক্ত করা হয়েছে, তাই তার বিরুদ্ধে এই ব্যবস্থা নেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত ১ জানুয়ারি মেহেরপুর জেলার দৈনিক পত্রিকা “মেহেরপুর প্রতিদিন” এ “ মেহেরপুর আঞ্চলিক পাসপোর্ট অফিসে অনিয়ম, গ্রাহক হয়রানির অভিযোগ, টাকাই মেলে পাসপোর্ট” শিরোনামে একটি সংবাদ প্রকাশ করা।

মেহেরপুরে জাপান টোবাকোতে অভিযান, প্রচারপত্র জব্দ ও জরিমানা

মেহেরপুরে গোয়ালঘর ও হোমিওপ্যাথিক ঔষধের দোকান এবং বাড়ির মধ্যে থেকে উদ্ধার হল সরকার নিষিদ্ধ সিগারেটের লক্ষ লক্ষ প্যাকেট ও প্রচার পত্র এবং সিগারেটের প্রচারের লক্ষ্যে জমা রাখা পুরস্কার।

সোমবার সকাল ১০ টা থেকে সাড়ে ১১ টা পর্যন্ত মেহেরপুর শহরের ওয়াবদা সড়কে জাপান টোবাকো কোম্পানীর গুদাম ঘর এবং ওই কোম্পানির বিক্রয় প্রতিনিধির মেহেরপুর সদর উপজেলার দিঘীরপাডার একটি বাড়ি থেকে এসমস্ত প্রচারপত্র ও পুরস্কারের বিভিন্ন পণ্য উদ্ধার করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলাম এর নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় জাপান টোবাকোর ডিপো ইনচার্জ আতিয়ার রহমানের নিকট থেকে তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন ২০০৫ এর ১এর ক ও গ ধারায় এক লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়। আতিয়ার রহমান কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার সাহাপুর গ্রামের তমজেল আলীর ছেলে।

উদ্ধারকৃত প্রচারপত্র আগুনে পুড়িয়ে বিনষ্ট করা এবং পুরস্কারগুলো মেহেরপুরের বিভিন্ন এতিমখানায় প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অভিযান চলাকালে জেলা স্যানিটারী ইন্সপেক্টর তমিজউদ্দীন, মেহেরপুর সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তরিকুল ইসলাম,সদর থানা পুলিশের একটি দল উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ৩ বছর কারাবন্দী দিবস উপলক্ষে মেহেরপুরে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

আজ সোমবার ৮ই ফেব্রুয়ারী সকাল ১০টায় জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আঃ রহিম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম সহ জেলা অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

সভাপতির বক্তব্যে মাসুদ অরুন বলেন, আধিপত্যবাদী শক্তির দোসর লুটেরা ও কালোটাকার মালিকদের সেবাদাস বর্তমান সরকার অবৈধভাবে ক্ষমতায় থাকার লক্ষ্যে বেগম খালেদা জিয়াকে কারাবন্দী রেখেছে।

মেহেরপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে প্রস্তুতি সভা

আগামী ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে মেহেরপুরে প্রস্তুতি মুলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

২০ তারিখ দিবাগত রাত ১২ টা ১ মিনিটে শহীদমিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠান শুরু হবে। পরে আলোচনা সভা, সীমিত আকারে সাংস্কৃতিক অনুষ্ঠান, একমাত্র জীবিত ভাষা সৈনিক ইসমাইল হোসেন কে সংবর্ধনা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা নিয়ে এই প্রস্তুতি সভায় আলোচনা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, ডিডিএলজি কর্মকর্তা মৃধা মোহম্মদ মোজাহিদুল হক, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান, উপজেলা পরিষদের চেয়ারম্যান ইয়ারুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলমসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা সাংস্কৃতিক ব্যাক্তি।

বীর মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান টুনু’র রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পর্ন

মেহেরপুর শহর মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার আসাদুজ্জামান টুনুকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

রবিবার বিকালে মেহেরপুর কবি নজরুল শিক্ষা মন্জিল এর মাঠে মরহুমের জানাজার নামাজ শেষে মেহেরপুর পৌর কবরস্থানে তাকে দাফন করা হয়। এর আগে তাকে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়।

মেহেরপুর সদর উপজেলা সহকারী অফিসার ইয়ানুর রহমান ও সাবেক মুক্তিযুদ্ধা কমান্ডার আবুল কাশেম, পৌর সভার পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন সহ সাবেক পৌর মেয়র মুতাছির বিল্লাহ মতু মরহুমের মরদেহে জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিতসহ পুষ্পমাল্য অর্পণ করেন।

এসময় উপজেলা সহকারী অফিসার ইয়ানুর রহমান সালাম গ্রহণ করেন ও

মেহেরপুর পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করেন। এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর থানার প্রতিষ্টাতা কমান্ডর নাজিমউদ্দীন, মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, আমঝুপি ইউনিয়ন পরিষদের সাবেক কমান্ডার কাউছার আলী, আব্দুল জলিল প্রমুখ

উল্লেখ্য, রবিবার সকালে মেহেরপুর শহরের মল্লিক পাড়াস্থ নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে তিনি মৃত্যুবরণ করেন।

গাংনীতে সুবিধাবঞ্চিত শিশুদের ইচ্ছাপূরণে বনভোজন

মেহেরপুরের গাংনীতে সুবিধাবঞ্চিত শিশুদের ইচ্ছাপূরণে বনভোজন ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বেলা ১১টার দিকে গাংনী এতিমখানা ও হাফিজিয়া মাদ্রাসা প্রাঙ্গণে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

কিশোরের ডাক সংগঠনের সভাপতি আবদুল্লাহ-আল-নোমান এর আয়োজনে প্রতিযোগিতা অনুষ্ঠানে অতিথি হিসেবে গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, বাংলা টিভি ও দৈনিক মানবজমিনের জেলা প্রতিনিধি আকতারুজ্জামান, বাজার কমিটির সভাপতি মাহবুবুল হক স্বপন, সাংবাদিক তোফায়েল হোসেন, এস এম রফিকুল আলম বকুল,

মুভিবাংলা টেলিভিশনের মেহেরপুর প্রতিনিধি রাব্বি আহমেদ, জয়যাত্রা টেলিভিশন এর মেহেরপুর প্রতিনিধি আব্দুল্লাহ আল মুনিবসহ গাংনী এতিমখানা ও হাফেজিয়াা মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ভাতাভোগিদের মোবাইল ব্যাংকিং কার্যক্রমের উদ্বোধনকালে- এমপি খোকন

মেহেরপুরের গাংনীতে সমাজ সেবা কর্তৃক প্রাপ্ত ভাতাভোগিদের মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভাতা প্রদান করা হবে। আজ রোববার এর উদ্বোধন করেন সাহিদুজ্জামান খোকন এমপি।

ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে সেবা প্রান্তজনে বয়ষ্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ভোগীদের বিকাশের মাধ্যমে মোবাইলে হিসাব খোলা কার্যক্রমের উদ্ধোধন কালে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, বর্তমানে দেশের বিভিন্ন এলাকায় বিকাশ কিংবা রকেটে মাধ্যমে লক্ষ লক্ষ টাকা জালিয়াতি হচ্ছে। কোন মাসের টাকা কোন মাসে পাওয়া যায় তারও কোনো ঠিক নাই।

ব্যাংকে টাকা তুলতে গেলে সারাদিন পরে হলেও টাকা হাতে পেয়ে খুশিতে আত্নহারা হয়ে বাড়ি ফেরেন একজিন ভাতা গ্রহিতা। অথচ মোবাইলের মাধ্যমে যারা টাকা পাবেন এমন লোকও আছে যারা নিজের মোবাইলের নাম্বার টাও বলতে পারেননা। এমন কি টাকার ম্যাসেজ পাঠানো হলেও ভাতাভোগী বুঝে উঠবেননা তিনি টাকা পেয়েছেন কিনা। তিনি সঠিক সময়ে টাকা না পেলে বা টাকার পরিমাণ কম পেলে অভিযোগ করা বা তা খন্ডন করার কেউ থাকবেনা। বরং ভাতাভোগী নানা বিড়ম্বনায় পড়বেন। হবেন প্রতারিত।

ইতো-মধ্যে সরকারের করোনা কালীন সময়ে আর্থিক সহায়তা প্রদানে নানা টালবাহানা করেছে বিকাশ বা অন্যান্য মোবাইল কোম্পানী। কার টাকা কার মোবাইলে গেছে তা দেখার বা বলার কেউ নেই।

এছাড়াও উপবৃত্তির টাকা প্রদানের ক্ষেত্রেও নানা অসুবিধা হয়েছে শিক্ষার্থীদের। বিকাশ কোম্পানী সরকারের কাছ থেকে টাকা নিয়ে সে টাকা সঠিক ভাবে প্রদান করেননি এমন অহরহ ঘটনা আছে আমাদের দেশে।

এঅবস্থায় অনেক কোম্পানীর লোকজন বিভিন্ন অফার বা অন্যান্য সুযোগ সুবিধার কথা বলে সরকারি টাকা প্রদানের চুক্তি নিচ্ছেন বটে, কিন্তু তাতে বাড়ছে প্রতারনা ও বিড়ম্বনা। আর এসকল কাজ যারা সরকারে কাছ থেকে চুক্তির প্রস্তাবনা দিচ্ছেন তারা না বুঝে

প্রস্তাব দিচ্ছেন বলেও মন্তব্য করেন এ সাংসদ। এমন কাজ কর্মে বুঝে শুনে প্রস্তাবনা দেয়ার জন্য সরকারি কর্মকর্তাকে সজাগ থাকারও আহব্বান করেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সমাজ সেবা অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক কাজী কাদের মোহাঃ ফজলে রাব্বি।

অনুষ্ঠানে ৪০ জন ভাতাভোগি বিকাশ অ্যাকাউন্ট খুলেছেন। গাংনীতে ২ হাজার ভাতাভোগি বিকাশে হিসাব খুলবেন বলে জানিয়েছেন গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার কাজি মোঃ আবুল মনসুর।

গাংনীতে করনো টিকা দান কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে করোনা ভাইরাস টিকার উদ্বোধন করা হয়েছে। আজ সকাল সাড়ে ১২ টার সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকা কার্যক্রমের উদ্বোধন করেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এ সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচ এফপিও রিয়াজুল আলম বলেন, এ টিকার কোন প্বার্শপ্রতিক্রিয়া নেই। সকলকে টিকা নেওয়ার আহ্বান জানান।

এমটিইপিআই আব্দুর রশিদ জানান, উদ্বোধনের দিন ২০ জনকে টিকা দেয় হয় এবং টিকা নেবার জন্য রেজিষ্ট্রেশন করেছেন ৩৪৫ জন। টিকা প্রদানের ক্ষেত্রে মানুষকে সচেতন করতে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষ।

হাসপাতালের চিকিৎসক, নার্সসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ সানন্দে টিকাদান কার্যক্রমকে গ্রহন করেন।

উপজেলা নির্বাহী আরএম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী থানার

ওসি বজলুর রহমান, আবাসিক মেডিকেল অফিসার সাদিয়া সুলতানাসহ স্বাস্থ্য কমপ্লেক্সের সকল নার্স ও স্টাফ বৃন্দ।

জেলার তিন উপজেলার ৯ টি বুথে চলছে টিকাদান কার্যক্রম।